



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ মে' ২০২৪ খ্রিঃ

সিটি মেয়রের নিকট চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল হস্তান্তর

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী'র কাছে রোববার সকালে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে হস্তান্তর করেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রামের উপসচিব বেলাল হোসেন। এসময় উপসচিত ছিলেন- চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা রাশেদ আজার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রামের উপ-বিদ্যালয় পরিদর্শক মো. আবুল বাশার, হিসাবরক্ষণ কর্মকর্তা জিকু দত্ত। এবারের এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৪৮টি বিদ্যালয়ের ৭ হাজার ২শত ২৪জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৪শত ২৭জন কৃতিত্বের সাথে উদ্বোধ হয়।

মাঝিরঘাট রোডস্থ পার্বতী ফকির পাড়া গেইট নির্মাণের দাবীতে

সিটি মেয়রের নিকট স্মারকলিপি প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী'র নিকট রোববার সকালে তাঁর কার্যালয়ে পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ডস্থ ৩২৬নং স্ট্রাইক রোড মাঝিরঘাট পার্বতী ফকির পাড়া উন্নয়ন পরিষদের নেতৃত্বে একটি গেইট নির্মাণের দাবী জানান। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী স্মারকলিপি গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট বিভাগে নির্দেশনা দেন। এসময় উপসচিত ছিলেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের, পার্বতী ফকির পাড়া উন্নয়ন পরিষদ নেতৃত্বে ব্রজ গোপাল দাশ, শ্যামল দাশ, প্রদীপ দাশ, হরি গোপাল দাশ, দীপক দাশ, জয় দাশ, রিপন দাশ, নেপাল দাশ, বান্ধী কান্তি দাশ, রিঙ্কু সহ উন্নয়ন কমিটির নেতৃত্বে

চসিকের আম্যমাণ আদালত পরিচালনা

রাস্তা ও ফুটপাতে মালামাল রাখায়

১০ ব্যক্তিকে ৭৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা রোববার নগরীতে আম্যমাণ আদালত পরিচালিত করেন। আদালত পোষ্টারপাড় এলাকায় রাস্তা ও ফুটপাত দখল করে গাড়ির ইঞ্জিনসহ বিভিন্ন মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১০ ব্যক্তির বিবরে মালামাল রঞ্জুপূর্বক ৭৫ হাজার টাকা জরিমানা আদায় করেন। আদালত পরিচালনাকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

চসিক এলাকায় জলাতক্ষ রোগ নির্মূলে কুকুরের টিকাদান

(এম.ডি.ভি) ভ্যাকসিন প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীকে জলাতক্ষ রোগ থেকে রক্ষায় এবং জলাতক্ষ রোগ নির্মূলের লক্ষ্যে ব্যপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম শুরু করেছে। চসিক ওয়ার্ড কাউন্সিলরগণের সার্বিক তত্ত্বাবধানে পাঁচ দিনব্যাপী এই কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়। কুকুরের ভ্যাকসিন কার্যক্রম সার্বিক তদারকি করেন চসিক ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা। তিনি জানান, উক্ত কার্যক্রমে নগরীতে প্রায় ১৩,০৮১টি কুকুরকে ভ্যাকসিন প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮